



ইরানে নতুন সামরিক অভিযানের ইঙ্গিত দিলেন ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের সামরিক অভিযান আবারও জোরদার হতে পারে—এমন ইঙ্গিত দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাঁর মন্তব্যে আগামী নভেম্বরে যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনের পর ইরানে নতুন করে হামলার সম্ভাবনা নিয়ে আলোচনা শুরু হয়েছে।

দক্ষিণ ক্যারোলাইনায় এক সমাবেশ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে ট্রাম্প বলেন, ‘আমার মনে হয়, বেশির ভাগ মানুষ ভাবছেন, এটি নির্বাচনের পর ঘটবে। আমরা দেখব কী হয়।’ এর আগে সমাবেশে ট্রাম্প দাবি করেন, যুক্তরাষ্ট্র ইরানের ওপর ‘নরক নামিয়ে এনেছে’ এবং চাইলে এখনই যুদ্ধ শেষ করতে পারে। তবে তিনি এমন পরিণতি চান, যাতে সংঘাতের অবসান দীর্ঘস্থায়ী হয়। তাঁর দাবি, সামরিক ও অর্থনৈতিক—দুই দিক থেকেই ইরানকে পরাজিত করেছে যুক্তরাষ্ট্র। ইরান কখনো পারমাণবিক অস্ত্রের অধিকারী হতে পারবে না বলেও মন্তব্য করেন তিনি।

এদিকে হরমুজ প্রণালীতে এক দিনে সাতটি জাহাজ ক্ষতিগ্রস্ত হওয়ার কথা জানিয়েছে ইরান। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে যুদ্ধ শুরুর পর এক দিনে জাহাজ ক্ষতিগ্রস্ত হওয়ার এ সংখ্যাকে সর্বোচ্চ বলে দাবি করেছে দেশটি।

বিশ্বের গুরুত্বপূর্ণ জ্বালানি পরিবহনপথ হরমুজ প্রণালীতে জাহাজ ক্ষতিগ্রস্ত হওয়ার ঘটনা তেল সরবরাহ নিয়ে উদ্বেগ বাড়িয়েছে। এই পথে নিরাপত্তা পরিস্থিতির অবনতি হলে আন্তর্জাতিক বাজারে জ্বালানি পরিবহন ও তেলের দামের ওপর প্রভাব পড়তে পারে।